# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, নবীদের পর সর্বোত্তম মানুষ কে?

উত্তর: বল, সাহাবীগণ রাদিয়াল্লাহু আনহুম। কেননা যখন প্রমাণিত হয়েছে যে, আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সকল নবীর চেয়ে উত্তম, তাই তার সাথীগণ সকল নবীর সাথীদের থেকে উত্তম। তাদের মধ্যে সর্বোত্তম হলেন আবু বকর। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নবী ও রাসূলগণের পর আবু বকরের চেয়ে উত্তম কারো ওপর সূর্য উদিত হয়নি এবং অস্ত যায়নি”। অতঃপর ওমার, অতঃপর উসমান, অতঃপর আলী রাদিয়াল্লাহু আনহুম। অতঃপর বাকি দশজন জান্নাতের সুসংবাদ প্রাপ্ত সাহাবী। সাহাবীগণ একে অপরকে খুব ভালোবাসতেন। এ জন্যেই আলী রাদিয়াল্লাহু আনহু তার সন্তানদের নাম রেখেছেন তার পূর্বের খলিফাগণের নামে। যেমন তার সন্তানদের মধ্যে আবু বকর, উমার ও উসমান নাম রয়েছে। যে বলে সাহাবীগণ আহলে-বাইতের মুমিন সদস্যদের ভালোবাসতেন না, তার কথা মিথ্যা। এটি মূলত সাহাবী ও আহলে-বাইতের শত্রুদের বানানো মিথ্যা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10022

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন